# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ ছবি-মূর্তি

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বাচ্চাদের খেলনা পুতুলের ব্যপারে বিধান কি?

বাচ্চারা নিজে যে সব পুতুল কাপড় দিয়ে বানিয়ে খেলা করে, তা বৈধ হবার ব্যপারে কোন সন্দেহ নেই। যেহেতু এই শ্রেণির পুতুল নিয়ে মা আয়েশা দাম্পত্যের প্রথম জীবনে নবী (সঃ) এর সামনে খেলা করতেন। কিন্তু যে খেলনা নিখুঁতভাবে মানুষের বা অন্য প্রাণীর আকার-আকৃতি দিয়ে তৈরি, যা কথা বলে, কান্না করে, আওয়াজ করে, হাঁটে বা নাচে, তা বৈধ কি না---তাতে সন্দেহ আছে। ( ইবনে ঊষাইমীন )

অনেক উলামার মতে যা শিশুদের খেলনা এবং যা অবজ্ঞা ও অবমাননার পুতুল বা ছবি, তা বৈধ। অনেকের মতে কাপড় বা তুলার পুতুল ছাড়া অন্য পুতুল অবৈধ। অবশ্য পূর্ব সতর্কতামূলক আমল হিসেবে তা শিশুদের জন্য ক্রয় না করাই উত্তম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2078

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন